ক্রেসগি ইনোভেটিভ প্রজেক্টসঃ ডেট্রয়েট - রাউন্ড ৪

সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নসমূহঃ

## যোগ্যতা

**আমার প্রতিষ্ঠানটি এক বা একাধিক যোগ্যতার শর্ত পূরণ করে না। আমি উদ্যোগ থেকে কি বাদ পড়ব?**

- যোগ্যতা মাপকাঠি হল প্রধান আবেদনকারীর জন্য। আমরা এই প্রকল্পগুলির জন্য একই প্রতিবেশী এলাকায় কাজ করে এমন সংগঠনের মধ্যে একত্রিত হয়ে কাজ করায় উৎসাহিত করি। এই উদ্যোগের জন্য ক্রেসগি এর মানদণ্ড পূরণ করতে না পারে এমন সম্প্রদায় ভিত্তিক সংগঠনগুলিকে একটি প্রতিষ্ঠান যে মানদণ্ড পূরণ করে, তার সাথে অংশীদারিত্বের মাধ্যমে একটি সহযোগিতামূলক আবেদন জমা দিতে উৎসাহিত করা হচ্ছে।

**ডেট্রয়েট-ভিত্তিক 501 (c) (3) সংস্থাগুলি যে দুই বছরের কম সময় ধরে শুধুমাত্র স্বেচ্ছাসেবক কর্মীদের দ্বারা তাদের কার্যক্রম পরিচালনা করছে তারা কি আবেদন করার যোগ্য?**

- হ্যাঁ, যাইহোক, আমরা পছন্দ করব সেই আবেদনকারীদের যাদের কর্মচারীবর্গদের মধ্যে কমপক্ষে একজন পূর্ণ-সময়ের কর্মচারী আছেন। এই পছন্দ করার পিছনে আমাদের এই ইচ্ছাকে প্রতিফলিত করে যে, অনুদান গ্রহীতা সংস্থাসমূহের সফলভাবে তাদের প্রকল্পগুলি চালানোর যথেষ্ট ক্ষমতা রয়েছে। একটি আবেদনকারী প্রতিষ্ঠান যা সম্পূর্ন স্বেচ্ছাসেবী কর্মীদের দ্বারা পরিচালিত তাও অনুদান পেতে প্রতিযোগিতা করে অনুদান পেতে পারে যদি তারা অতীতে সম্পন্ন করা কাজসমূহ উদাহরণস্বরূপ দেখাতে পারে যা তাদের প্রকল্প প্রস্তাবটি পূরণ করার ক্ষমতা আছে বলে প্রদর্শন করতে পারেন।

**আমাদের প্রকল্পসমূহ ডেট্রয়েটে অনুষ্টিত হয় না, কিন্তু ডেট্রয়েট সহ মেট্রোপলিটন ডেট্রয়েট অঞ্চলকে প্রভাবিত করবে। আমরা কি আবেদন করতে পারব?**

- না। এই অনুদানের উদ্যোগ ডেট্রয়েট শহরের সম্প্রদায়ের মধ্য থেকে এবং সম্প্রদায় ভিত্তিক প্রকল্পগুলির উপর নিবদ্ধ।

**আবেদনপত্রের সাথে কি কি আর্থিক নথি জমা করা আবশ্যক?**

- ধারণা প্রস্তাব (Concept Proposal) জমা দেওয়ার জন্য শুধুমাত্র একটি আর্থিক নথি প্রয়োজন যা বার্ষিক সাংগঠনিক বাজেট যা সংস্থার আয়ের এবং বর্তমান বা সবচেয়ে সম্প্রতি সম্পন্ন অর্থবছরের বাজেটের বিস্তারিত বর্ণনা করে।

- যদি একটি পূর্ণ আবেদনপত্র দাখিল করার জন্য আমন্ত্রণ জানানো হয়, তাহলে ২50,000 ডলার বা তারও বেশি বার্ষিক বাজেটের সাথে রেকর্ডকৃত আবেদনের জন্য অতি সম্প্রতি সম্পন্ন অর্থবছরের জন্য স্বাধীনভাবে প্রস্তুত করা অডিট প্রয়োজন হবে যা সাধারণভাবে গৃহীত অ্যাকাউন্টিং নীতিমালা বা সরকারি অডিট মানদণ্ড অনুসরণ করে। যে প্রতিষ্ঠানসমূহ ক্যালেন্ডার বছরের ভিত্তিতে আর্থিক প্রতিবেদন তৈরী করে আমরা তাদের কাছ থেকে ২০১৬ এর অডিট গ্রহণ করব। প্রায় ২50,000 ডলারের কম বাজেটের রেকর্ডকৃত আবেদনকারী অডিট রিপোর্টের পরিবর্তে অতি সম্প্রতি সম্পন্ন অর্থবছরের জন্য একটি যোগ্যতাসম্পন্ন আর্থিক পর্যালোচনা বা আইআরএস ফর্ম ৯৯০ জমা দিতে পারে।

**আমরা ইতিমধ্যে একটি ক্রেসগি অনুদান গ্রহীতা। আমরা কি আবেদন করতে পারব?**

- হ্যাঁ। ক্রেসগি ইনোভেটিভ প্রজেক্টসঃ ডেট্রয়েট উদ্যোগে ক্রেসগি এর ডেট্রয়েট প্রোগ্রাম এবং তার অন্যান্য জাতীয় প্রোগ্রামে অতীত এবং বর্তমান আবেদনকারী অনুদান গ্রহীতাদের প্রস্তাব বিবেচনা করা হবে।  পূর্ববর্তী সমর্থিত প্রকল্পগুলির জন্য অতিরিক্ত সমর্থন অনুরোধকারী আবেদনকারীদের অন্য আবেদনকারীদের মতো একই পর্যালোচনা মানদণ্ডের অধীন হতে হবে।

**এই অনুদানের জন্য আবেদন কি অন্যান্য ক্রেসগি ডেট্রয়েট প্রোগ্রাম  বা অন্যান্য ক্রেসগি প্রোগ্রামের অনুদানের জন্য আবেদন থেকে বাদ পড়ব?**

- ক্রেসগি ইনোভেটিভ প্রজেক্টস এর একটি আবেদন : ডেট্রয়েট, ডেট্রয়েট প্রোগ্রামের অন্যান্য উদ্যোগগুলি বা অন্যান্য ক্রেসগি প্রোগ্রামের উদ্যোগের সাথে সম্পর্কিত সিদ্ধান্তগুলিকে প্রভাবিত করবে না।

**অতীতে অনুদান প্রাপ্ত একটি ক্রেসগি ইনোভেটিভ প্রজেক্টস : আবেদঙ্কারীরা কি ডেট্রয়েট অনুদান রাউন্ড ৪ এর জন্য আবেদন করতে পারবে?**

- রাউন্ড ১,২,অথবা ৩ এর পরিকল্পনা বা বাস্তবায়ন অনুদান প্রাপকগণ রাউন্ড ৪-এর পরিকল্পনা এবং / অথবা বাস্তবায়ন অনুমোদনের জন্য একটি আবেদন জমা দিতে পারেন। যাইহোক, এই উদ্যোগের মাধ্যমে ইতপূর্বে যে আবেদনকারী **বাস্তবায়ন** অনুদান পায়নি, এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। এই পছন্দ করার পিছনে আমাদের এই ইচ্ছাকে প্রতিফলিত করে যে, ক্রেসগি ইনোভেটিভ প্রজেক্টসঃ ডেট্রয়েট উদ্যোগের মাধ্যমে ডেট্রয়েট জুড়ে বিভিন্ন বিচিত্র প্রকল্পসমূহ এবং অংশীদার সংস্থাগুলির সমর্থন করা।

**যে প্রকল্পগুলি পূর্বে KIP:D তে দাখিল করা হয়েছিল, কিন্তু অনুদান পায়নি, তা কি আবেদন করতে পারবে?**

- হ্যাঁ। আমরা আবেদনকারীদের উৎসাহিত করি যেন তারা তাদের আবেদনে এটা উল্ল্যেখ করেন কিভাবে তাদের প্রতিষ্ঠান বা প্রকল্প আগের আবেদন থেকে প্রসূত হয়েছে।

**বিদ্যমান উদ্যোগগুলি কি এই উদ্যোগের অধীনে অর্থায়নের যোগ্যতা বৃদ্ধি করতে পারবে?**

- হ্যাঁ। আমরা বিদ্যমান প্রকল্পের সম্প্রসারণ জড়িত প্রস্তাব বিবেচনা করব। এই প্রস্তাবগুলির জন্য এই প্রকল্পটির একটি সুনির্দিষ্ট, সুস্পষ্ট সংজ্ঞায়িত উপাদান কেন্দ্রীভূত করতে হবে। নতুন প্রকল্পগুলির প্রস্তাব অনুযায়ী, এই নির্দেশিকাতে তালিকাভুক্ত পর্যালোচনা মানদণ্ড অনুসারে সম্প্রসারণ প্রস্তাবগুলি একটি প্রতিযোগিতামূলক ভিত্তিতে মূল্যায়ন করা হবে।

## অনুদান তহবিল ব্যবহারের নিয়ম

**আমি কিভাবে আমার পরিকল্পনা অনুদান তহবিল ব্যবহার করতে পারি?**

- পরিকল্পনা অনুদানগুলি একটি সুগভীর পরিকল্পিত পরিকল্পনা, সঠিক সময়সীমার এবং প্রকল্পটির নকশা, বিশেষজ্ঞ নিয়োগ, যেমন পরামর্শদাতা, স্থপতি বা ঠিকাদার, এবং ডিজাইন পরিকল্পনাকে যথাযথ রুপ দিতে সম্প্রদায়ের সদস্যদের জরিত করা। একটি পরিকল্পনা অনুদান প্রদানের লক্ষ্য হচ্ছে একটি প্রকল্পকে বাস্তবায়ন করার জন্য প্রস্তুত করা হয়।

- পরিকল্পনা অনুদান তহবিল নিম্নলিখিত কার্যক্রমের জন্য ব্যবহার করা যেতে পারে:
    - প্রকল্পের জন্য নিবেদিত কর্মী এবং / অথবা পরামর্শদাতা নিয়োগ
    - প্রকল্পের কাজের জন্য সহ-অনুদান বা অংশীদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি
    - পেশাদার বা কারিগরি সহায়তার জন্য চুক্তি (যেমন, নকশা এবং পরিকল্পনা)
    - প্রকল্প উপকরণ এবং জোগান
    - সম্প্রদায়ে প্রচার প্রচারনা এবং যোগাযোগ প্রচেষ্টার সাথে যুক্ত খরচসমূহ সহ (কিন্তু সীমাবদ্ধ নয়), যেমন, ইভেন্ট পরিকল্পনা এবং উপকরণ জোগান, খাবার, পরিবহন, ডে কেয়ার ইত্যাদি ...
    - প্রকল্পের জন্য সম্প্রদায়ে অনুষ্ঠান পরিচালনা করা
    - প্রকল্পের কাজের জন্য সম্প্রদায়ের সদস্যদের জন্য ভাতা-বৃত্তি প্রদান
    - প্রকল্পের সাথে সংশ্লিষ্ট প্রশাসনিক এবং উপরি খরচ

**আমি কিভাবে আমার বাস্তবায়ন অনুদান তহবিল ব্যবহার করতে পারি?**

- পরিকল্পনা অনুদানগুলির কোনও গ্রহণযোগ্য ব্যবহার বাস্তবায়ন অনুদানের সাথে মিলিত হতে পারে।
- বাস্তবায়ন অনুদান তহবিল বাস্তব প্রকৃত প্রকল্প নির্মাণের জন্য, অথবা অ-ভৌত প্রকল্পগুলোর ক্ষেত্রে প্রোগ্রামিং এবং / অথবা পরিষেবাগুলির প্রবর্তনের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।
- এছাড়াও বাস্তবায়ন অনুদান তহবিল নিম্নলিখিত কার্যক্রমের জন্য ব্যবহার করা যেতে পারে:
    - মূলধন খরচ
    - প্রকল্পের সঙ্গে যুক্ত পারমিট এবং অন্যান্য নিয়ন্ত্রক খরচের ফি।
    - প্রকল্পের কাজের অংশ হিসাবে সেবা বা প্রোগ্রামের বিকাশ এবং বিতরণের লক্ষ্যে।
    - সম্প্রদায়ের সম্মিলিত অংশগ্রহণ এবং আচার অনুষ্ঠানের খরচাদি।

## অনুদানে ব্যবহারের শর্তাবলী

**যে ভূমিতে প্রকল্পের কার্যক্রম পরিচালিত হবে সে জমি কি আবেদনকারী সংস্থার মালিকানাধীন হতে হবে?**

- না, কিন্তু বাস্তবায়ন অনুদানগুলোর জন্য, আবেদনকারী সংস্থাগুলোকে যে ভূমিতে প্রকল্পটির কাজ চলবে তা তাদের নিয়ন্ত্রণে আছে প্রদর্শন করে কাগজপত্র সরবরাহ করতে হবে। ক্রেসগির প্রকল্প এলাকা নিয়ন্ত্রণ বলতে বুঝায় নিম্নবর্ণীত যে কোন একটি উপায়ে সম্পত্তির অধিকার থাকা যাতে কোন কর অনাদায় থাকবে না।
    - মালিকানা;
    - ক্রয় চুক্তি;
    - দীর্ঘমেয়াদি ইজারা চুক্তি;

**প্রকল্প কি শুধুমাত্র এক এলাকা জুড়ে সীমিত হতে হবে?**

- না। প্রকল্পের একাধিক অঞ্চল জুড়ে থাকতে পারে, তবে আবেদনকারী অবশ্যই একটি "সম্প্রদায়" স্পষ্টভাবে নির্ধারণ করবে যা প্রকল্পটি থেকে উপকৃত হবে। উদাহরণস্বরূপ, একটি প্রকল্প একটি নির্দিষ্ট অভিবাসী বা শিল্পী সম্প্রদায়ের পরিবেশন করতে পারে, তবে আবেদনকারীকে এটি প্রকাশ করতে হবে যে এই প্রকল্পটি "সম্প্রদায়" -এর জন্য পর্যালোচনা মানদণ্ড কীভাবে পূরণ করবে তা নির্ধারণ ও প্রদর্শন করে।

- একটি প্রকল্প একক পার্শ্ববর্তী অঞ্চলে সীমিত কি না তা সত্ত্বেও, সব প্রকল্পে যা অন্তর্ভুক্ত থাকতে হবে তা হলো, ১) সাফল্যের একটি নির্দিষ্ট সময়সীমার সাথে একটি পরিষ্কার সময়রেখা; এবং ২) প্রকল্পকে সাফল্যের পথে ধাবিত করতে কর্মকান্ডের একটি স্পষ্ঠ বিন্যাস।

**অ-ভৌত প্রকল্পগুলো কি অনুদান অর্থায়নের জন্য বিবেচনা করা হবে?**

- আমরা এই উদ্যোগের অংশ হিসাবে অ-ভৌত প্রকল্পগুলো, যেমন মানব পরিষেবা, জন নিরাপত্তা, এবং কলা ও সাংস্কৃতিক প্রকল্পগুলো বিবেচনা করব। বাস্তব প্রকৃত প্রকল্পগুলোর মত, অ-ভৌত প্রকল্পগুলোর আবেদনের প্রস্তাবের ক্ষেত্রে পর্যালোচনা মাপদণ্ডের শর্ত পূরণসহ তা ডেট্রয়েটের এলাকা বা সম্প্রদায়কে কিভাবে প্রভাবিত করবে তা দেখাতে হবে। প্রতিযোগিতামূলক প্রকল্পগুলোর পৃথক সময়সীমা থাকবে এবং চলমান প্রোগ্রামগুলোর জন্য অপারেটিং সাপোর্টের উপর লক্ষ্য করা হবে না।

## ধারণা প্রস্তাবের জন্য প্রয়োজনীয় যোগ্যতা

**একটি লিখিত চিঠি এবং একটি ভিডিওর মাধ্যমে আবেদনপত্র জমা দেওয়ার কোন একটি পছন্দসই পদ্ধতি আছে কি?**

- না। আমরা আবেদনকারীদেরকে এমন পদ্ধতি ব্যবহার করতে উৎসাহিত করি, যা তাদের প্রকল্পটিকে সহজে এবং কার্যকরীভাবে তুলে ধরে।

**ভিডিও গ্রহনের সময় কি কি কারিগরি বিষয়ের প্রতি বিশেষ লক্ষ্য রাখাতে হবে?**

- ভিডিওগুলো শুধুমাত্র প্রজেক্টের রূপরেখা পর্যালোচনা মানদণ্ডের উপর ভিত্তি করে বিচার করা হয়। ভিডিওটি কেবল আপনার প্রজেক্টের ধারণাটি তুলে ধরার একটি উপায় এবং চারটি প্রস্তাবের প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য বিবেচনা করা হবে।

- ভিডিওটির প্রযুক্তিগত গুণ কোন মূল বিষয় নয়। আমরা ভিডিওগুলো সহজ ো সাবলীল ভাবে করতে উৎসাহিত করি; মোবাইল ফোন দ্বারা করা ভিডিও ও পুরোপুরি গ্রহণযোগ্য হিবে।

**আমার ভিডিও ইতিমধ্যে ইউটিউবে আছে। আমি কি একটি ইউটিউব লিঙ্কে ভিডিওটি জমা দিতে পারি?**

- না। সব ভিডিওই FLUXX অ্যাপ্লিকেশন সিস্টেমে আপলোড করা সংযুক্তি হিসাবে জমা দিতে হবে।

**ধারণা প্রস্তাবের অংশ হিসাবে অন্য কোন কোন কাগজপত্রের প্রয়োজন হবে?**

- সকল আবেদনপত্র একটি লিখিত চিঠি বা একটি ভিডিও অন্তর্ভুক্ত করে জমা দেয়া আবশ্যক, **এবং** নিম্নলিখিত উভয়:

- প্রধান নির্বাহী কর্মকর্তা বা নির্বাহী পরিচালক কর্তৃক স্বাক্ষরিত সংস্থার লেটারহেডে একটি সংক্ষিপ্ত চিঠি, যা আনুষ্ঠানিকভাবে ধারণা প্রস্তাব জমা দেওয়ার নিশ্চিত করবে।
- একটি বার্ষিক সাংগঠনিক বাজেট যা সংস্থার আয়ের এবং ব্যয়ের বর্তমান বা সম্প্রতি সম্পন্ন অর্থবছরের বাজেটের বিস্তারিত বর্ণনা করে।

## সম্পূর্ণ আবেদন

**যদি আমাদের একটি সম্পূর্ণ আবেদনপ্র জমা দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়, তার মানে কি আমাদের অনুদান পাওয়া নিশ্চিত বলে ধরা হবে?**

- না। সীমিত অনুদান তহবিল থাকে, এবং তাই আমরা নির্বাচন প্রক্রিয়া অত্যন্ত প্রতিযোগিতামূলক হতে আশা করি। সম্পূর্ণ আবেদনপত্র জমা করার জন্য আমন্ত্রিত সকল সংস্থাগুলোকে আমরা পুরস্কার প্রদানের আশা করি না।

**পূর্ণ আবেদনে কি কি বর্ণনামূলক প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হবে?**

- আমরা ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি বা শেষের দিকে সম্পূর্ণ আবেদনগুলি জমা করার জন্য নির্বাচিত আবেদনকারীদেরকে আমন্ত্রণ করব। সেই সময়ে, আমরা পূর্ণ আবেদনপত্রের জন্য বর্ণনামূলক প্রশ্নগুলো আপনাদেরকে পাঠাবো করব। সাধারণত, বর্ণনামূলক প্রশ্নগুলো আবেদনকারীদের তাদের প্রস্তাবিত প্রকল্পটির উদ্দেশ্য এবং কাজ করার ক্ষেত্রসমূহ জানতে, প্রকল্পটিতে কিভাবে সম্প্রদায়ের লক্ষ্যগুলো প্রতিফলিত হয়, অতীতে সংগঠনটি সম্প্রদায়ের সদস্যকে কীভাবে কাজে লাগিয়েছে এবং সংস্থাটির ক্ষমতা এবং প্রস্তাবিত প্রকল্পটি সমাপ্ত করার সময়সীমা সম্পর্কিত তথ্য জানাতে চাওয়া হয়।

**আবেদনপত্রের সাথে কি কি আর্থিক নথি জমা করা আবশ্যক?**

- প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা সহ সম্পূর্ণ বিবরণ নির্বাচিত প্রার্থীদেরকে ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি বা শেষের দিকে প্রকাশ করা হবে। পূর্ণ আবেদনপত্রের জন্য কাগজপত্র সাধারণত ধারণা প্রস্তাবের আবেদনের চেয়ে অনেক বেশি। এই কাগজপত্রের উদাহরণগুলওর অন্তর্ভুক্ত হতে পারে:
    - একটি বিস্তারিত প্রকল্প পরিকল্পনা
    - প্রতিষ্ঠানের কর্মচারী এবং বোর্ড সম্পর্কে ডেমোগ্রাফিক এবং যোগ্যতা তথ্য, যার মধ্যে প্রকল্প কর্মীদের তালিকা এবং যোগ্যতার বিবরন থাকবে;
    - বাস্তব প্রকৃত প্রকল্পটির কাজ যে ভূমিতে চলবে তা সংস্থাটির নিয়ন্ত্রণে আছে প্রদর্শন করে কাগজপত্র দেখাতে হবে;
    - ২50,000 ডলার বা তারও বেশি বার্ষিক বাজেটের সাথে রেকর্ডকৃত আবেদনের জন্য অতি সম্প্রতি সম্পন্ন অর্থবছরের জন্য স্বাধীনভাবে প্রস্তুত করা অডিট প্রয়োজন হবে যা সাধারণভাবে গৃহীত অ্যাকাউন্টিং নীতিমালা বা সরকারি অডিট মানদণ্ড অনুসরণ করে। ২50,000 ডলারের কম বাজেটের রেকর্ডকৃত আবেদনকারী অডিট রিপোর্টের পরিবর্তে অতি সম্প্রতি সম্পন্ন অর্থবছরের জন্য একটি যোগ্যতাসম্পন্ন আর্থিক পর্যালোচনা বা আইআরএস ফর্ম ৯৯০ জমা দিতে পারবে।

**ক্রেসগি টিমের কোন  সদস্যের সাথে কি আমার আবেদন নিয়ে আলোচনা করতে পারি?**

- আবেদনকারীরা প্রকল্প উদ্যোগের প্রশ্ন জিজ্ঞাসা করতে এবং ক্রেসগি কর্মীদের আপনার প্রকল্প সম্পর্কে আরও জানাতে ক্রেসগি দলের সদস্যের সঙ্গে একক বৈঠক অনুরোধ করতে পারবেন। এই মিটিং সম্পূর্ণরূপে ঐচ্ছিক এবং আপনার কাজ সম্পর্কে আরও জানানোর কেবল একটি সুযোগ। যদি আপনি আগ্রহী হন,তবে আমরা আপনাকে পুরো প্রস্তাব প্রক্রিয়ার প্রথম দিকে আপনার মিটিংএর সময়সূচী নির্ধারনের সুপারিশ করি।

## অনুদান পুরস্কার

### অনুদান পুরস্কার প্রাপ্তির পর কি কি প্রতিবেদন প্রয়োজন হবে?

- প্রস্তাবিত প্রকল্পের দ্বারা যে সকল উপায়ে সম্প্রদায়ের অগ্রাধিকারসমূহ প্রতিফলিত ও অগ্রসর হয় তার সমর্থন করতে ক্রেসগি এর ডেট্রয়েট প্রোগ্রাম অনুষদ প্রতিশ্রুতিবদ্ধ। অনুদান ব্যবহারের সময়সীমার শেষে সব অনুদানগুলোর জন্য চূড়ান্ত প্রতিবেদনের প্রয়োজন হবে।

- যে প্রকল্পগুলওর জন্য একই সাথে পরিকল্পনা এবং বাস্তবায়ন তহবিল প্রদান করা হবে তার জন্য, বাস্তবায়ন অনুদান প্রাপ্তির আগে একটি অন্তর্বর্তী প্রতিবেদন প্রয়োজন হবে।

- আমরা বুঝতে পারি যে প্রতিটি প্রকল্প ভিন্ন, এবং অনেকগুলি নির্দিষ্ট ধারাবাহিকতার ধাপ রয়েছে যা একটি প্রকল্পের চলমান অগ্রগতি এবং সাফল্য প্রদর্শন করে।

- ক্রেসগি ডেট্রয়েট প্রোগ্রাম দল আপনার প্রকল্পের জন্য সবচেয়ে প্রাসঙ্গিক হয় যে প্রশ্নগুলো আপনার জন্য তা তৈরী করার কাজ করবে, যাতে প্রতিবেদন করা কেবলমাত্র একটি কাজই না হয়, বরং তা আপনার সংস্থার অগ্রগতি প্রদর্শন এবং গুণকীর্তন করার একটি সুযোগে পরিণত হয়।

### অনুদান প্রাপ্ত সংস্থাসমূহ পুরো অনুদান সময় জুড়ে কিভাবে সমর্থিত হয়?

- প্রস্তাবিত প্রকল্পের দ্বারা যে সকল উপায়ে সম্প্রদায়ের অগ্রাধিকারসমূহ প্রতিফলিত ও অগ্রসর হয় তার সমর্থন করতে ক্রেসগি এর ডেট্রয়েট প্রোগ্রাম অনুষদ প্রতিশ্রুতিবদ্ধ। এইভাবে, আমরা মিশিগান কমিউনিটি রিসোর্সেস (এম সি আর) এর সাথে অংশীদারি হতে পেরে খুবই খুশি যাতে আমরা KIP:D -এর অনুদান পাপ্তদের সক্ষমতা বাড়ানোর সুযোগ প্রদান করতে পারি। এম সি আর প্রতিটি অনুদান প্রাপ্ত সংগঠনের সাথে তাদের নির্দিষ্ট উন্নয়ন পরিকল্পনা তৈরির জন্য কাজ করবে যাতে সংগঠনগুলো নিশ্চিতভাবে তাদের প্রকল্পগুলো চালানোর জন্য সরঞ্জাম ও রিসোর্স দ্বারা সজ্জিত থাকে।

- এছাড়াও, এম সি আর KIP:D -এর অনুদান পাপ্তদের একটি নেটওয়ার্কের তৈরী ও বিকাশের প্রচেষ্টা জোরদার করবে, যাতে তারা বিভিন্ন তথ্য ও রিসোর্স একে অপরের মধ্যে আদান প্রদান করতে পারেন, এবং তাদের সম্প্রদায়ের সর্বোত্তম সেবা করতে একে অপরকে সহায়তা করতে পারেন। আমরা বিশ্বাস করি যে শেখার এবং উন্নতির জন্য প্রয়োজন যৌথভাবে কর্মকান্ড পরিচালনা করা; তাই, আমরা চাইব প্রত্যেক অনুদানকারী স্ব স্ব প্রতিষ্ঠানের পেশাদারীত্ব বিকাশের প্রয়োজনগুলো আদান প্রদান করতে এবং অনুদান প্রাপ্ত প্রতিষ্ঠানগুলোকে সর্বোত্তম সেবা দেয়ার লক্ষ্যে প্রতিবছর অন্তত একবার এম সি আর-এর সাথে মিটিং করতে হবে।